
পাঠ ১০

# একুশের গান

আবদুল গাফ্‌ফার চৌধুরী



## পাঠের মূলকথা

গানটির রচয়িতা আবদুল গাফ্‌ফার চৌধুরী। তিনি ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি ভাষা আন্দোলনের মিছিলে পাকিস্তানি পুলিশের গুলিতে শহিদদের স্মরণে গানটি লিখেছেন। গানটিতে ভাষাশহিদদের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারির ছেলেহারা মায়েদের দুঃখের কথা বলা হয়েছে। গানটিতে ভাষাশহিদদের রক্তে রাঙানো ফেব্রুয়ারিকে ভুলতে না পারার কথা বলা হয়েছে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।
- চিত্র/ছবি সংবলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
- ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্ট স্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।
- ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।
- পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

## পাঠের শিখনফল

৪.১.২ কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৮.১.২ শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারব।
৮.১.৪ পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পারব।
১২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারব।
১২.১.৩ বানান করে কবিতার চরণ পড়তে পারব।
১২.১.৪ স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দসহকারে কবিতা পড়তে পারব।
১২.১.৫ ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারব।
১৩.৩.২ সহজ শব্দ ও বাক্য শুনে লিখতে পারব।
১৬.১.২ দেখে কবিতার চরণ লিখতে পারব।
১৬.১.৩ কবিতার চরণ দেখে দেখে লিখতে পারব।
১৬.২.২ ছড়া, কবিতা ও গল্প শুনে নিজের মতো করে সহজ বাক্য লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| চৌধুরী | রক্ত | রাঙানো | একুশে | ফেব্রুয়ারি | ছেলেহারা | অশ্রু |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

### বলি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২১

**প্রশ্ন ক. এ গান আমরা কখন গাই?**

উত্তর : এ গান আমরা একুশে ফেব্রুয়ারিতে গাই।

**প্রশ্ন খ. গানটি আমরা কাদের স্মরণে গাই?**

উত্তর : গানটি আমরা ভাষাশহিদদের স্মরণে গাই।

**প্রশ্ন গ. গানটি সুর করে গাই।**

উত্তর : শিক্ষকদের সহায়তায় নিজেরা চেষ্টা কর।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

| | |
|---|---|
| ভাইয়ের | ১।<br>২। |
| রাঙানো | ১।<br>২। |
| ফেব্রুয়ারি | ১।<br>২। |
| ভুলিতে | ১।<br>২। |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬৫

উত্তর :

| | |
|---|---|
| ভাইয়ের | ১। দুই ভাইয়ের মধ্যে দারুণ মিল।<br>২। মাতৃভাষা শহিদ ভাইয়ের দান। |
| রাঙানো | ১। সূর্য যেন লাল রঙে রাঙানো।<br>২। তার পা দুখানি আলতায় রাঙানো। |
| ফেব্রুয়ারি | ১। একুশে ফেব্রুয়ারিতে আমরা শহিদ মিনারে যাই।<br>২। একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস। |
| ভুলিতে | ১। আমরা মাকে ভুলিতে পারি না।<br>২। আমরা শহিদদের ভুলিতে পারি না। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ২. আমরা কোন দিন শহিদ মিনারে ফুল দিতে যাই?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬৫

উত্তর : আমরা একুশে ফেব্রুয়ারি শহিদ দিবসে শহিদ মিনারে ফুল দিতে যাই।

**প্রশ্ন ৩. কেন ঐদিন ফুল দেওয়া হয়?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬৫

উত্তর : শহিদদের স্মরণে ঐদিন ফুল দেওয়া হয়।

**প্রশ্ন ৪. বাংলা ভাষার জন্য কারা রক্ত দিয়েছিলেন?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬৭

উত্তর : বাংলা ভাষার জন্য রক্ত দিয়েছিলেন সালাম, বরকত, রফিক, জব্বার ও শফিউর। এজন্য এঁদেরকে ভাষাশহিদ বলা হয়।

**প্রশ্ন ৫. কেন তারা ভাষার জন্য জীবন দিয়েছিলেন?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬৭

উত্তর : এদেশের সব মানুষই বাংলায় কথা বলে। রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ১৯৫২ সালে ছাত্র-ছাত্রীরা রাজপথে মিছিল করে। সেই মিছিলে পুলিশ গুলি চালালে বেশ কয়েকজন শহিদ হন। মাতৃভাষার মর্যাদা রক্ষা করতে গিয়েই তাঁরা জীবন দিয়েছিলেন।

**প্রশ্ন ৬. এই দিনকে আমরা ভুলব না কেন?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬৭

উত্তর : ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে সালাম, বরকত, রফিক, জব্বার, শফিউরসহ

আরও অনেকে শহিদ হন। তাঁদের আত্মত্যাগের বিনিময়ে আজ আমরা মাতৃভাষা বাংলায় কথা বলতে পারছি। তাই এই দিনকে আমরা কখনো ভুলতে পারব না।

**প্রশ্ন ৭. আমরা কেন এ গান গাইব?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৭২

**উত্তর :** এ গানটি আমাদের ভাষাশহিদদের আত্মত্যাগের কথা স্মরণ করিয়ে দেয়। এ গানটি গাওয়ার মাধ্যমে আমরা ভাষা আন্দোলনের চেতনায় উজ্জীবিত হতে পারি। তাই আমরা এ গানটি গাইব।

**প্রশ্ন ৮. কীসের দাবিতে আমাদের ভাইয়েরা জীবন দিয়েছিলেন?**

**উত্তর :** মাতৃভাষা বাংলার দাবিতে আমাদের ভাইয়েরা জীবন দিয়েছিলেন।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ৯. নিচের বর্ণজটটি মিল করে শব্দ তৈরি করে লেখ।**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৭৩

| বর্ণজট | সঠিক শব্দ |
|---|---|
| হি দ শ | শহিদ |
| গা ন বা | |
| রি লু চু কো | |
| না শ মি দ হি র | |
| হা লে ছে রা | |
| দে আ শ র দে মা | |

**উত্তর :**

| বর্ণজট | সঠিক শব্দ |
|---|---|
| হি দ শ | শহিদ |
| গা ন বা | বাগান |
| রি লু চু কো | লুকোচুরি |
| না শ মি দ হি র | শহিদ মিনার |
| হা লে ছে রা | ছেলেহারা |
| দে আ শ র দে মা | আমাদের দেশ |

**প্রশ্ন ১০. শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসিয়ে অনুচ্ছেদটি পূরণ কর।**

আমরা, শহিদ, সম্মান, মিনারে, ভাষার, জীবন, শহিদদের, স্কুলে।

আজ ——— দিবস। আমরা সবাই ——— এসেছি। ——— আজ শহিদ ——— ফুল দিতে যাব। ——— প্রতি ——— জানাব। তাঁরা ——— জন্য ——— দিয়েছেন।

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৭০

**উত্তর :** আজ **শহিদ** দিবস। আমরা সবাই **স্কুলে** এসেছি। **আমরা** আজ শহিদ **মিনারে** ফুল দিতে যাব। **শহিদদের** প্রতি **সম্মান** জানাব। তাঁরা **ভাষার** জন্য **জীবন** দিয়েছেন।

**প্রশ্ন ১১. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**




**প্রশ্ন ক. ছবিটি কাদের অবদানের কথা স্মরণ করিয়ে দেয়?**

**উত্তর :** ছবিটি ১৯৫২ সালের ভাষা আন্দোলনে প্রাণ দেওয়া ভাষাশহিদদের অবদানের কথা স্মরণ করিয়ে দেয়।

**প্রশ্ন খ. ছবিটিতে কীসের চিত্র ফুটে উঠেছে?**

**উত্তর :** ছবিটিতে মাতৃভাষা বাংলার প্রতি বাঙালির গভীর মমতা ও শ্রদ্ধার চিত্র ফুটে উঠেছে।

**প্রশ্ন ১২. একুশে ফেব্রুয়ারিতে তুমি যে যে কাজ কর সে রকম তিনটি কাজের নাম লেখ।**



**উত্তর :** একুশে ফেব্রুয়ারিতে আমি যা যা করি–

ক. ভোরবেলায় প্রভাতফেরিতে অংশগ্রহণ করি।

খ. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটি গাই এবং শহিদ মিনারে ফুল দিয়ে ভাষাশহিদদের প্রতি শ্রদ্ধা জানাই।

গ. সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখি।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | কবিতা জানে। | | | |
| | কবিতা পড়ার নিয়ম জানে। | | | |
| | কবিতা বলতে পারে। | | | |
| | কবিতা বলতে পেরেছে। | | | |
| দক্ষতা | কবিতা পড়তে পেরেছে। | | | |
| | শব্দ, বাক্য লিখতে পেরেছে। | | | |
| | পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পেরেছে। | | | |
| | কবিতার চরণ লিখতে পেরেছে। | | | |
| | স্পষ্ট ও শুদ্ধ স্বরে কবিতা পড়তে পেরেছে। | | | |
| | প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পেরেছে। | | | |
| | কবিতার চরণ পড়তে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আনন্দের সাথে কবিতা বলতে পেরেছে। | | | |
| | আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম : .............................. শ্রেণি : .............................. রোল নম্বর : ☐

**১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. এ গান আমরা কখন গাই?

খ. গানটি আমরা কাদের স্মরণে গাই?

**২। উপযুক্ত শব্দ বসিয়ে অনুচ্ছেদটি পূরণ করে লেখ।**

আমরা, শহিদ, সম্মান, মিনারে, ভাষার, জীবন, শহিদদের, স্কুলে।

আজ ——— দিবস। আমরা সবাই ——— এসেছি। ——— আজ শহিদ ——— ফুল দিতে যাব। ——— প্রতি ——— জানাব। তাঁরা ——— জন্য ——— দিয়েছেন।

**উত্তরমালা**

১ ▸ ক. এ গান আমরা একুশে ফেব্রুয়ারিতে গাই।

খ. গানটি আমরা ভাষাশহিদদের স্মরণে গাই।

২ ▸ আজ **শহিদ** দিবস। আমরা সবাই **স্কুলে** এসেছি। **আমরা** আজ শহিদ **মিনারে** ফুল দিতে যাব। **শহিদদের** প্রতি **সম্মান** জানাব। তাঁরা **ভাষার** জন্য **জীবন** দিয়েছেন।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐